

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd


স্মারক নং-৩৭.০০.০০০০.৯৫.৯৯.০০৮.২০২২. ২৩৬

তারিখ: ২৩ জুন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : জনাব গৌরি বসু, দাতা সদস্য, গভর্নিং কমিটি, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ
-এর বিরুদ্ধে দাতা সদস্য পদে থাকার বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব গৌরি বসু, দাতা সদস্য, গভর্নিং কমিটি, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে দুর্নীতি ও জালিয়াতি সংক্রান্ত অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে জনাব গৌরি বসু, দাতা সদস্য হওয়ার লক্ষ্যে কলেজের ব্যাংক হিসাবে কোন অর্থ জমা না করে অসম্পূর্ণ রেজুলেশন ও ভাউচার এর মাধ্যমে ব্যয় দেখিয়ে যথাক্রমে প্রতিষ্ঠাতা ও আজীবন দাতা সদস্য হওয়ায় অপচেষ্টা করেছেন মর্মে প্রমানিত হয়েছে।

বর্ণিতাবস্থায়, জনাব গৌরি বসু, দাতা সদস্য, গভর্নিং কমিটি, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ -এর বিরুদ্ধে দাতা সদস্য হওয়ার লক্ষ্যে কলেজের ব্যাংক হিসাবে কোন অর্থ জমা না করে অসম্পূর্ণ রেজুলেশন ও ভাউচার এর মাধ্যমে ব্যয় দেখিয়ে যথাক্রমে প্রতিষ্ঠাতা ও আজীবন দাতা সদস্য হওয়ায় অপচেষ্টার অভিযোগ প্রমানিত হওয়ায় আপনাকে কেন প্রতিষ্ঠাতা পদ থেকে বাদ দেয়ার জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কে পত্র দেয়া হবে না মর্মে তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মো: শাহীনুর ইসলাম) ০৪/০৭/২০২৪
উপসচিব

বর্তমান কর্মস্থল:

জনাব গৌরি, দাতা সদস্য, গভর্নিং কমিটি,
কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।